



নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০১১.১৬-৮৭

তারিখ: ১৫ মার্চ, ২০১৬

বিষয় : ১ম ও ২য় পর্যায়ে ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচনে ভোটগ্রহণ উপলক্ষে প্রিজাইডিং অফিসারগণ কর্তৃক ডাকযোগে সরাসরি নির্বাচন কমিশনে ভোট গণনার বিবরণী প্রেরণ প্রসংগে

উপর্যুক্ত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত ১ম পর্যায়ের ৭২২টি ইউনিয়ন পরিষদের নির্বাচনে ভোট গ্রহণের তারিখ ২২ মার্চ, ২০১৬, টাংগাইল জেলার নাগরপুর উপজেলার ১১টি ইউনিয়নের ভোটগ্রহণের তারিখ ২৩ মার্চ, ২০১৬, টেকনাফ উপজেলার হোয়াইক্যং ও হীলা ইউনিয়নের ভোট গ্রহণের তারিখ ২৭ মার্চ, ২০১৬ এবং ২য় পর্যায়ের ৬৪৩টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচনে ভোট গ্রহণের তারিখ ৩১ মার্চ, ২০১৬ নির্ধারণ করা হয়েছে। উল্লিখিত ইউনিয়ন পরিষদ নির্বাচনের ইউনিয়নসমূহের তালিকা এতদসংগে সংযুক্ত করা হলো।

প্রিজাইডিং অফিসারগণ ভোটকেন্দ্র হতে সরাসরি ডাকযোগে নির্বাচন কমিশনে ভোটগণনার বিবরণী ০১ (এক) কপি প্রেরণ করবেন। এ লক্ষে রিটার্নিং অফিসার ভোটকেন্দ্রে প্রত্যেক প্রিজাইডিং অফিসারকে ০১টি নির্ধারিত বিশেষ খাম সরবরাহ করবেন। যথাসময়ে এ বিশেষ খাম নির্বাচন কমিশন সচিবালয় হতে রিটার্নিং অফিসারের নিকট সরবরাহ করা হবে। ভোটগণনার বিবরণী যথাযথভাবে নির্বাচন কমিশনে পৌঁছানোর জন্য প্রিজাইডিং অফিসারগণ উক্ত ভোটগণনার বিবরণী বীমাকৃত ডাকযোগে অথবা রেজিস্টার্ড ডাকযোগে প্রেরণ করবেন এবং সংশ্লিষ্ট পোস্ট অফিস হতে প্রাপ্তি স্বীকারও গ্রহণ করবেন। এ জন্য প্রিজাইডিং অফিসারকে অগ্রীম ডাকমাশুল পরিশোধ করার প্রয়োজন হবে না এবং ভোটগণনার বিবরণী প্রেরণ করার জন্য নির্ধারিত খামে কোন স্ট্যাম্প সংযোজন করার প্রয়োজন হবে না। প্রিজাইডিং অফিসারগণ সংশ্লিষ্ট জেলা/উপজেলা/পৌরসভাভূক্ত প্রধান পোস্ট অফিসে এবং ভোটকেন্দ্রের নিকটবর্তী অন্যান্য সাব-পোস্ট অফিস হতে উক্ত ভোটগণনার বিবরণী পোস্ট করবেন। প্রিজাইডিং অফিসারগণ যাতে পূর্ব থেকেই সংশ্লিষ্ট ভোটকেন্দ্রের নিকটবর্তী নির্দিষ্ট পোস্ট অফিসসমূহের অবস্থান জেনে নিয়ে ভোটগ্রহণের দিন পোস্ট অফিসসমূহ যাতে অধিক রাত্র পর্যন্ত খোলা রেখে ভোটগণনার বিবরণী প্রেরণের বিশেষ খাম নির্বাচন কমিশন সচিবালয়ে পৌঁছানোর ব্যবস্থা করে তার জন্য নির্বাচন কমিশন সচিবালয় হতে ডাক বিভাগ-কে বিশেষ নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। এমতাবস্থায়, উপর্যুক্ত বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

সংলগ্নীঃ উপরে বর্ণিত (.....পাতা)

জারীকৃত

২৪৭৭

(মোঃ সামসুল আলম)

উপ-সচিব

নির্বাচন পরিচালনা-২

ফোনঃ ৯১৮০৬৫৩

প্রাপক

- ১) জেলা নির্বাচন অফিসার(সংশ্লিষ্ট)
- ২) রিটার্নিং অফিসার(সংশ্লিষ্ট)


নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০১১.১৬-৮৭

তারিখ: ১৫ মার্চ, ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।

৩. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬. সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/শিক্ষা মন্ত্রণালয়/ সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব), ঢাকা
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. কমিশনার,(সকল বিভাগ)
১০. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. জেলা প্রশাসক,(সংশ্লিষ্ট)
১৪. পুলিশ সুপার,(সংশ্লিষ্ট)
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,(সকল)
১৭. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি,(সকল)
১৯. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২০. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২১. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
২২. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (অর্থ ও বাজেট/ক্রয় ও মুদ্রণ শাখা/নির্বাচন প্রশাসন/নির্বাচন সহায়তা-১ ও ২)/জনবল ব্যবস্থাপনা-১, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৩. অফিসার-ইন-চার্জ,(সংশ্লিষ্ট সকল থানা)


 (মোহাম্মদ আশফাকুর রহমান)
 সহকারী সচিব
 নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২